সমকাল

তারিখ ..... 2 APR 2017
পৃষ্ঠা ...... কলাম ....

# স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচনেও জাল ভোট, প্রতিহিংসা

## লোহাগড়ায় ৩ ছাত্র জখম

■ লোহাগড়া (নড়াইল) প্রতিনিধি

নড়াইলের লোহাগড়ায় 'স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচন' নিয়ে প্রতিপক্ষের ছুরিকাঘাতে তিন ছাত্র গুরুতর জখম হয়েছে। গতকাল শনিবার লোহাগড়া উপজেলার মাকড়াইল কে কে এস ইনস্টিটিউশন চত্বরে এ ঘটনা ঘটে। নির্বাচনে জাল ভোট প্রদানে বাধা দেওয়ার ঘটনায় প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সমর্থক শুভ শিকদারের নেতৃত্বে বহিরাগতরা হামলা চালায়। হামলায় গুরুতর আহত দশম শ্রেণির ছাত্র রিয়াজুল ও রমজানকে ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৬

## স্টুডেন্ট ক্যাবিনেট

[প্রথম পৃষ্ঠার পর]

খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে, গত বৃহস্পতিবার লোহাগড়ার ওই প্রতিষ্ঠানের স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী নবম শ্রেণির ছাত্র পাভেলের পক্ষে জাল ভোট দিতে আসে শুভ শিকদার নামের এক বহিরাগত তরুণ। এ সময় অপর প্রার্থীর এজেন্ট রমজান জাল ভোট প্রদানে বাধা দেয়। এ ঘটনায় শুভ ও পাভেল ক্ষুব্ধ হয়। গত শনিবার বিদ্যালয় চলার সময় বহিরাগত তিন তরুণ বিদ্যালয় চত্বরে ঢুকে দশম শ্রেণির শিক্ষার্থী মেহেদী, রমজান ও রিয়াজুলকে ছুরিকাঘাতে গুরুতর জখম করে। তাদের প্রথমে নড়াইল সদর হাসপাতালে ভর্তি করা হয়। গুরুতর আহত রিয়াজুল ও রমজানকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় লোহাগড়া থানায় মামলা হয়েছে।

লোহাগড়া থানার ওসি জাহাঙ্গীর আলম বলেন, ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে মাকড়াইল গ্রামের খলিল শিকদার ও ইমন শিকদার নামে দু'জনকে গ্রেফতার করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর